

Telephonic conversation between Prime Minister and President of the European Council

May 07, 2020

প্রধানমন্ত্রী এবং ইউরোপীয় পরিষদের সভাপতির মধ্যে টেলিফোনে বাক্যালাপ
মে,07,2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ইউরোপীয় পরিষদের সভাপতি মহামান্য চার্লস মিশেলের সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

ভারত এবং ইউরোপীয় সংঘে COVID-19 অতিমারির পরিস্থিতি এবং প্রতিক্রিয়া নিয়ে দুই নেতা আলোচনা করেছেন। অত্যাবশ্যকীয় চিকিৎসা সামগ্রীর জোগানকে সুনিশ্চিত করা সহ, অতিমারির সম্মুখীন হয়ে পারস্পরিক সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়াকে তারা প্রশংসা করেছেন।

স্বাস্থ্য এবং অর্থনীতির উপরে COVID-19 এর প্রভাবকে কার্যকররূপে মোকাবিলা করার জন্য আঞ্চলিক এবং বিশ্বব্যাপী সমন্বয়ের গুরুত্বকে নেতারা স্বীকৃতি প্রদান করেছেন।

ভারত-ইউরোপীয় ইউনিয়ন কৌশলগত অংশদারীত্বকে শক্তিশালী করার লক্ষ্যে তাদের অঙ্গীকারকে নেতারা পুনরায় দৃঢ়তার সাথে উল্লেখ করেছেন। তারা এই বিষয়ে সহমত হয়েছেন যে, পরবর্তী ভারত-ইউরোপীয় শীর্ষ বৈঠকের একটি স্থায়ী আলোচ্যসূচী প্রস্তুত করার জন্য তাদের আধিকারিকরা একযোগে কাজ করবেন।

সংকটের উদ্ভূত অভিমুখের উপরে এবং তৎসহ কোভিডোত্তর পরিস্থিতির প্রাসঙ্গিকতায় নিজেদের মধ্যে সংযোগ বজায় রাখার ক্ষেত্রে নেতারা সহমত হয়েছেন।

নিউ দিল্লি

মে,07,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.